



২৪ নভেম্বর, ২০১৮

তাজরিন ফ্যাশনের ভয়াবহ ট্র্যাজেডির ছয় বছর-এ

কর্মক্ষেত্রে দুর্ঘটনায় আহত ও নিহত শ্রমিকের কার্যকর ক্ষতিপূরণ নিশ্চিতের দাবী জানালো ব্লাস্ট

তাজরিন ফ্যাশনের ভয়াবহ ট্র্যাজেডির ০৬ (ছয়) বছর পূর্তি উপলক্ষে আজ ২৪শে নভেম্বর, ২০১৮ ইং তারিখ সকল নিহতদের প্রতি শ্রদ্ধা ও সহমর্মিতা জানাতে শ্রমিক নিরাপত্তা ফোরাম এর আয়োজনে সকাল ৯.০০টায় জুরাইন কবরস্থানে শ্রদ্ধা জ্ঞাপন, ১ মিনিট নীরবতা পালন ও পুষ্পস্তবক অর্পণ করা হয়। এছাড়াও সকাল ১১ টায় মিনিটে জাতীয় প্রেস ক্লাবের সামনে র্যালী ও মানব বন্ধন কর্মসূচিতে বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট) অংশগ্রহণ করে। ব্লাস্টের পক্ষ হতে নিরাপদ কর্মক্ষেত্র, কর্মক্ষেত্রে নারী শ্রমিকের প্রতি হয়রানী মূলক আচরন বন্ধ সহ সকল শ্রমিকের প্রতি বৈষম্য নিরসন, কর্মক্ষেত্রে দুর্ঘটনায় আহত ও নিহত শ্রমিকের যথাযথ ক্ষতিপূরণ নিশ্চিতের দাবীতে প্রতিনিধিগণ অংশগ্রহণ করেন। পাশাপাশি ব্লাস্ট এর পক্ষ হতে বিভিন্ন জেলা সমুহে আদালতসমূহের সম্মুখে মানব বন্ধন কর্মসূচী পালন করা হচ্ছে।

উল্লেখ্য যে, ব্লাস্ট এর উদ্যোগে গত ২২ নভেম্বর ২০১৮ তারিখ সকাল ১০.৩০ টায় ঢাকাস্থ সিরডাপ অডিটোরিয়ামে ‘কর্মক্ষেত্র দুর্ঘটনায় নিহত ও আহত শ্রমিকের জন্য কার্যকরী ক্ষতিপূরণ নির্ধারণ’ বিষয়ক জাতীয় কর্মশালা আয়োজন করা হয়। কর্মশালায় মূল বক্তব্যে ব্লাস্টের উপ পরিচালক, আইন এডভোকেট বরকত আলী তার উপস্থাপনায় দুর্ঘটনাজনিত মৃত্যুর কারণে ক্ষতিপূরণ বাবদ ন্যূনতম মানদণ্ড হইবে টাকা ২০,০০,০০০/- (বিশ লক্ষ) ও স্থায় অক্ষমতার ক্ষেত্রে মৃত্যুকালীন প্রদত্ত ক্ষতিপূরণের ২৫% হারে বেশী প্রদান, আইএলও কনভেনশন ১২১, মারাত্মক দুর্ঘটনা আইন, ১৮৫৫ এবং উচ্চ আদালতের নজীর বা ইতোপূর্বে গৃহীত সিদ্ধান্তের ভিত্তিতে ক্ষতিপূরণের পরিমাণ চূড়ান্ত করা, উপধারা (খ) এ উল্লেখিত চূড়ান্ত হিসাব অনুযায়ী ক্ষতিপূরণ প্রদান করিতে হইবে এবং চূড়ান্ত ক্ষতিপূরণ পরিশোধের সময়ে উপধারা (ক) অনুযায়ী প্রদত্ত ক্ষতিপূরণ সমন্বয় করা, ন্যূনতম ক্ষতিপূরণের পরিমাণ মূল্যস্ফীতির বৃদ্ধির আনুপাতিক হারে বৃদ্ধি করা এবং যতদিন ক্ষতিপূরণ প্রদান না করা হবে ততদিন পর্যন্ত শ্রমিককে সর্বশেষ প্রাপ্ত মজুরি হারে মজুরি ও ভাতা প্রদান করার সুপারিশ তুলে ধরেন।

উল্লেখ্য যে, ক্ষতিপূরণ নির্ধারণের ক্ষেত্রে নিম্নোক্ত বিষয়গুলি বিবেচনায় নেওয়া আবশ্যিক-

দুর্ঘটনায় নিহত শ্রমিকদের ক্ষেত্রে- তাহার কর্ম সক্ষমতা বা অবসর গ্রহণ করা পর্যন্ত তাহার আয়ের পরিমাণ; গ্রাচুইটি বা আইনানুগ পাওনাদি; তাহার পোষ্য বা পোষ্যদের জীবন- জীবিকার জন্য অনুমিত খরচ; পোষ্যদের মধ্যে কমপক্ষে একজনকে যোগ্যতা অনুযায়ী উপযুক্ত কর্মসংস্থানের ব্যবস্থা করা। দুর্ঘটনায় স্থায়ী সম্পূর্ণ অক্ষম শ্রমিকদের ক্ষেত্রে- তাহার কর্ম সক্ষমতা বা অবসর গ্রহণ করা পর্যন্ত তাহার আয়ের পরিমাণ; অবসর গ্রহণকালে প্রাপ্য গ্রাচুইটি বা আইনানুগ পাওনাদি; তাহার চিকিৎসা বাবদ অনুমিত খরচ; তাহার ও তাহার পোষ্য বা পোষ্যদের জীবন- জীবিকার জন্য অনুমিত খরচ; পোষ্যদের মধ্যে কমপক্ষে একজনকে যোগ্যতা অনুযায়ী উপযুক্ত কর্মসংস্থানের ব্যবস্থা করা। দুর্ঘটনায় অস্থায়ী অক্ষম শ্রমিকদের ক্ষেত্রে- তাহার চিকিৎসা বাবদ অনুমিত খরচ; অক্ষমতার মেয়াদকাল পর্যন্ত মাসিক মজুরী ও আনুসঙ্গিক সুবিধাদি।

বাংলাদেশের বিদ্যমান শ্রম আইনে যে পরিমাণ ক্ষতিপূরণের অর্থ নির্দিষ্ট করা আছে, তা বর্তমান সময়ের প্রেক্ষাপটে ও বাস্তবতার নিরিখে যথাযথ নয়। এই মর্মান্তিক দুর্ঘটনার প্রায় ৬ বছর হয়ে গেলেও এখনো কর্মক্ষেত্র দুর্ঘটনায় নিহত ও আহত শ্রমিকের ক্ষতিপূরণ প্রদানে ন্যূনতম মানদণ্ড নির্ধারণ করা সম্ভব হয় নি। প্রস্তাবিত শ্রম আইনের সংশোধন বিলে নিহত শ্রমিকের ক্ষতিপূরণ বাবদ ২ লক্ষ টাকা এবং আহত শ্রমিকের ক্ষেত্রে ২ লক্ষ ৫০ হাজার টাকা নির্ধারণ করা হয়েছে বলে বিভিন্ন গণমাধ্যমে প্রকাশিত হয়েছে। যা খুবই অপ্রতুল বলে আমরা মনে করছি।



# বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট) Bangladesh Legal Aid and Services Trust (BLAST)

ব্লাস্ট শ্রমিকের যথাযথ ও দ্রুত ক্ষতিপূরণ প্রদানের জন্য সঠিক ক্ষয়ক্ষতির পরিমাণ নিরূপণ করে, কোন কোন ক্ষেত্রে ক্ষতিপূরণ প্রদান করা হবে সে সংক্রান্ত সুনির্দিষ্ট বিষয় নির্ণয় এবং দ্রুত ক্ষতিপূরণ পাওয়ার জন্য শ্রম আইনের বিধান সংশোধনের দাবী জানাচ্ছে। আমরা মনে করি জরুরী ভিত্তিতে শ্রমিকের ক্ষতিপূরণ প্রাপ্তি এবং এক্ষেত্রে ন্যূনতম মানদণ্ড নির্ধারণ অতীব করা প্রয়োজন।

উল্লেখ্য, গত ৩রা সেপ্টেম্বর ২০১৮ তারিখ মন্ত্রী পরিষদ বৈঠকে উত্থাপিত বাংলাদেশ শ্রম আইন (সংশোধনী) ২০১৮ এর খসড়ায় কয়েকটি বিষয়ে সংশোধনী প্রস্তাব নীতিগত অনুমোদন দিয়েছে। শ্রম মামলা দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে 'বিকল্প বিরোধ নিষ্পত্তি' র পদ্ধতি কে শ্রম আইনে অন্তর্ভুক্তি, যৌন হয়রানি নিরসনে অভিযোগ কমিটি গঠন ব্লাস্ট সহ বিভিন্ন সংগঠনের দাবী বর্তমান সংশোধনীতে অন্তর্ভুক্ত করা হয়নি যা শ্রমিকের অধিকারের পরিপন্থী। বিশেষ করে কর্মক্ষেত্রে দুর্ঘটনায় নিহত ও আহত শ্রমিকের ক্ষতিপূরণ, মামলা নিষ্পত্তি এবং ট্রেড ইউনিয়নসহ বিভিন্ন বিষয়ে যে সংশোধনীর প্রস্তাব এনেছে তা শ্রমিকের ন্যায়সঙ্গত অধিকারের পরিপন্থী হওয়ায় তা এ বিষয়গুলো পুনরায় বিবেচনার জন্য আমরা জোর দাবী জানাচ্ছি।

বার্তা প্রেরক:

মাহবুবা আক্তার

উপ-পরিচালক (এডভোকেসী এন্ড কমিউনিকেশন), ব্লাস্ট

ই-মেইল: mahbuba@blast.org.bd